(১৬ জন হতে ৫০ জনের মধ্যে এবং অন্যান্য শর্ত সাপেক্ষে)

(ঘ) ক্যাটাগরী-ডি : মাইক্রো শিল্প, জাতীয় শিল্পনীতি-২০১৬ এ বর্নিত সংজ্ঞা অনুযায়ী
(১৬জন হতে ৩০ জনের মধ্যে এবং অন্যান্য শর্ত সাপেক্ষে)

(ঙ) ক্যাটাগরী-ই : কুটির শিল্প, জাতীয় শিল্পনীতি-২০১৬ এ বর্নিত সংজ্ঞা অনুযায়ী
(পারিবারিক সদস্যসহ সর্বোচ্চ ১৫ জনের অধিক নয়)

(চ) ক্যাটাগরী-এফ: রাষ্ট্রায়ত্ত শিল্প প্রতিষ্ঠান ,কর্পোরেশন/ সরকার নিয়ন্ত্রিত প্রতিষ্ঠান সমূহ

প্রস্তাবিত পুরস্কার প্রদানের বিষয়ে (এনপিও) যাবতীয় সাচিবিক দায়িত্ব পালন করে। প্রথমে জাতীয় দৈনিক পত্রিকা/ ইলেক্ট্রনিক মিডিয়া এবং এনপিও'র ওয়েব সাইটে বিজ্ঞাপনের মাধ্যমে নির্ধারিত ফরমে আবেদন পত্র আহবান করা হয়। সকল সরকারি/ বেসরকারি/ বহুজাতিক/ রেজিষ্টার্ড বাংলাদেশি শিল্প প্রতিষ্ঠান আবেদন করতে পারবে। তবে কমপক্ষে ৩ বৎসর উৎপাদন/ সেবা কার্যক্রম চালু রয়েছে এরকম শিল্প প্রতিষ্ঠান আবেদনের যোগ্য বলে বিবেচিত হবে।

প্রাপ্ত আবেদনপত্র সমূহ এনপিও কর্তৃক যাচাই বাছাই পূর্বক নম্বর প্রদান করা হয়। নম্বর প্রদানের পর পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য এ্যাসেসমেন্ট কমিটির নিকট উপস্থাপন করা হয়। ১১ (এগার) সদস্য বিশিষ্ট এসেসমেন্ট কমিটি Assessment criteria তে প্রদত্ত মোট ১০০০ নম্বর এর ভিত্তিতে আবেদনপত্র গুলো পরীক্ষা-নিরীক্ষা ও মূল্যায়ন করেন।

মূল্যায়নের পর ক্যাটাগরী ভিত্তিক প্রথম ৫ (পাঁচ) টি প্রতিষ্ঠান বাছাই পূর্বক চূড়ান্ত নির্বাচনের জন্য ০৭ (সাত) সদস্য বিশিষ্ট জুরী বোর্ডের নিকট উপস্থাপন করেন। বিজয়ী প্রতিষ্ঠানের জন্য নিম্নোক্ত পুরস্কার প্রদান করা হয়:

১। ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এওয়ার্ড ট্রফি ;
২। ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এওয়ার্ড সংক্রান্ত সনদপত্র ;
৩। কমপক্ষে তিন বৎসর পাবলিসিটির জন্য ওয়ার্ড লোগোর ব্যবহার

"ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স এওয়ার্ড"-১২, গত ১১ নভেম্বর, ২০১৩ তারিখে শিল্প প্রতিষ্ঠানের উৎপাদনশীলতা বৃদ্ধি ও উৎকর্ষতা অর্জনের ক্ষেত্রে গুরুত্বপুর্ণ অবদানের স্বীকৃতি স্বরূপ সিরডাপ মিলনায়তনে প্রথমবারের মত নির্বাচিত ১০ টি শিল্প প্রতিষ্ঠানকে ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স এওয়ার্ড প্রদান করা হয় । "ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স এওয়ার্ড"-১৩ গত ৯ আগষ্ট ২০১৫ তারিখে পূর্বাণী হোটেলে দ্বিতীয় বারের মত ১৭ টি প্রতিষ্ঠানকে ৬ টি ক্যাটাগরীতে ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড

### ক্যাটাগরী-এ (বৃহৎ শিল্প)

**প্রতিষ্ঠানের নাম**

১। এথিক্স এ্যাডভান্স টেকনোলজী লিমিটেড
২। ইরা ইনফোটেক লিঃ
৩। অলপ্লাষ্ট বাংলাদেশ লিঃ

### ক্যাটাগরী-বি (মাঝারী শিল্প)

**প্রতিষ্ঠানের নাম**

১। হাইডেলবার্গসিমেন্ট বাংলাদেশ লিঃ
২। কর্ণফুলী ফার্টিলাইজার কোম্পানী লিঃ
৩। বেক্সিমকো ফার্মাসিউটিক্যালস লিমিটেড

ক্যাটাগরী-সি (ক্ষুদ্র শিল্প)

প্রতিষ্ঠানের নাম
১। ডিভাইন আইটি লিমিটেড
২। প্রিন্স কেমিক্যাল কোম্পানী লিঃ
৩। মেসার্স রনি এগ্রো ইঞ্জিনিয়ারিং

ক্যাটাগরী-ই (কুটির শিল্প)
প্রতিষ্ঠানের নাম
১। মেক্সিম ইন্টারন্যাশনাল ট্রেডিং কোং
২। অঙ্গনা বিউটি পার্লার এন্ড স্কীন কেয়ার
৩।প্রতিবেশী প্রশিক্ষণ কেন্দ্র ও কুটির শিল্প উন্নয়ন সংস্থা

ক্যাটাগরী-ডি (মাইক্রো শিল্প)

প্রতিষ্ঠানের নাম
১। বন্ধন সমাজ উন্নয়ন সংস্থা (বিএসইউএস)
২। তারা মার্কা
৩। উইমেন্স ফ্যাশন ওয়ার্ল্ড

ক্যাটাগরী এফ (রাষ্ট্রায়ত্ত শিল্প)
প্রতিষ্ঠানের নাম
১। যমুনা ফার্টিলাইজার কোম্পানী লিমিটেড
২। প্রগতি ইন্ডাষ্ট্রিজ লিমিটেড
৩। আশুগঞ্জ ফার্টিলাইজার এন্ড কেমিক্যাল কোম্পানী লিমিটেড

## ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স এওয়ার্ড -২০১৫




ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স এওয়ার্ড-১৫ প্রদান অনুষ্ঠানে উপস্থিত মাননীয় শিল্পমন্ত্রী জনাব আমির হোসেন আমু, এমপি



মাননীয় শিল্পমন্ত্রীর কাছ থেকে পুরস্কার গ্রহণ করছেন বন্ধন সমাজ উন্নয়ন সংস্থা (বিএসইউএস) এর ব্যবস্থাপনা পরিচালক



মাননীয় শিল্পমন্ত্রীর কাছ থেকে পুরস্কার গ্রহণ করছেন গ্রিন কেমিক্যাল কোম্পানী লিঃ এর ব্যবস্থাপনা পরিচালক

**উন্নয়ন প্রকল্প :**

ক) আধুনিক সুযোগ সুবিধাসহ ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এবং পেটেন্ট ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর (ডিপিডিটি) এর অফিস ভবন নির্মাণ শীর্ষক প্রকল্পটির গত ১০/১১/২০১৫ তারিখে একনেক সভায় অনুমোদিত হয়েছে। একনেকে অনুমোদিত প্রকল্পটির জমির পরিমানঃ ০.৪২ একর, প্লট নং- এফ-২০/এ, স্থানঃ শেরে বাংলা নগর, ঢাকা। একনেক সভার শর্ত মোতাবেক ২০১৫-১৬ হতে ২০১৭-১৮ সালে মধ্যে ৬৫৯২.৯২ লক্ষ টাকার ডিপিপি পুর্ণগঠন করে শিল্প মন্ত্রণালয়ের মাধ্যমে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। নির্মাণি প্রকল্পটির জায়গা অবৈধ দখলদারগণকে অপসারণের জন্য গত ০৩/০৪/২০১৭ এবং ২৮/০৩/২০১৭ খ্রিঃ তারিখে উপ বিভাগীয় প্রকৌশলী, শেরে বাংলা নগর, গণপূর্ত উপ বিভাগ-৫ ঢাকা কর্তৃক তারিখে নোটিশ জারি করা হয়। উক্ত নোটিশদ্বয় পরিপ্রেক্ষিতে নির্বাহী পরিচালক, আইন ও শালিস কেন্দ্র মহামান্য হাইকোর্ট ডিভিশনে বস্তি অপসারণের নির্দেশ স্থগিত করার আবেদন জানায়। বস্তিবাসীদের আবেদনের প্রেক্ষিতে মাহামান্য হাইকোর্ট ডিভিশন উপ বিভাগীয় প্রকৌশলী, শেরে বাংলা নগর গণপূর্ত উপ বিভাগ-৫, কর্তৃক অপসারন পূর্বক বস্তি খালি করার নির্দেশের উপর ২ মাসের স্থগিত আদেশ দেন ।

খ) জাপানী অর্থ বছর ২০১৭ এ জাপানী কারিগরি সহায়তায় এ দপ্তরের জনবলের পেশাগত কাজের দক্ষতা উন্নয়ন প্রকল্পে জুলাই-২০১৭ হতে জুন-২০১৯ সময়ে বাস্তবায়নযোগ্য "Capacity Building of National Productivity Organisation (NPO) through Strengthening professional skill of NPO's personnel and technology transfer" শীর্ষক প্রকল্প প্রস্তাবটি অর্থনৈতিক সম্পর্ক বিভাগে প্রেরণ করা হয়েছে ।

**আপগ্রেডেশন অব এনপিও :**

এনপিও এর কলেবর বৃদ্ধি এবং যুগোপযোগীকরণের লক্ষ্যে এনপিওকে অধিদপ্তরে রূপান্তর এবং এর অফিস প্রধানের পদমর্যাদা মহাপরিচালকে উন্নীতকরণসহ সাংগঠনিক কাঠামো পুর্নবিন্যাসের প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে ।

## এনপিও'র ২০১৬-১৭ অর্থবছরের উল্লেখযোগ্য কার্যক্রম

| কার্যক্রম | একক | ২০১৬-১৭ অর্থবছরের অর্জন |
|---|---|---|
| প্রশিক্ষণ ও কর্মশালা | সংখ্যা | ৫৩ |
| | প্রশিক্ষণ গ্রহণকারীর সংখ্যা | ২২০৫ |
| গবেষণা প্রতিবেদন | সংখ্যা | ৮ |
| পুস্তিকা / পোস্টার বিতরণ | সংখ্যা | ২৫২০০ |
| উৎপাদনশীলতা উন্নয়ন বিষয়ক কর্মশালা | সংখ্যা | ৪ |
| | প্রশিক্ষণ গ্রহণকারীর সংখ্যা | ৩৮৪ |
| আন্তর্জাতিক প্রশিক্ষণ/সেমিনার | সংখ্যা | ৩ |
| ই-লার্নিং কোর্স | সংখ্যা | ৩ |
| কারখানায় ফাইভ 5S ও QC সার্কেল প্রয়োগ | সংখ্যা | ৩২ |
| কারখানায় উৎপাদনশীলতা উন্নয়ন কোষ | সংখ্যা | ১৭ |
| KAIZEN কর্মসূচি বাস্তবায়ন | সংখ্যা | ৩ |

| | | |
|---|---|---|
| টেকনিক্যাল এক্সপার্ট সার্ভিস (TES) প্রদান | সংখ্যা | ----- |
| শিল্প খাতে অবদানের জন্য পুরস্কার এবং স্বীকৃতি | সংখ্যা | ১৮ |
| সচেতনতা প্রচারাভিযান | সংখ্যা | ২৩ |
| উপাত্ত সংগ্রহ | সংখ্যা | ১১৪ |
| বেসরকারী সংস্থার সাথে আলোচনা | সংখ্যা | ২০ |
| উৎপাদনশীলতা বিষয়ক উপদেষ্টা কমিটির সভা | সংখ্যা | ১০ |
| জাতীয় উৎপাদনশীলতা পরিষদ(এনপিসি) | সংখ্যা | ০১ |

| এনপিও'র বিগত আট বছরের প্রশিক্ষণ কর্মসূচি | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| সাল | ২০০৯-১০ | ২০১০-১১ | ২০১১-১২ | ২০১২-১৩ | ২০১৩-১৪ | ২০১৪-১৫ | ২০১৫-১৬ | ২০১৬-১৭ |
| প্রশিক্ষণের সংখ্যা | ২৪ | ২৩ | ২৪ | ২৫ | ২৬ | ৩৫ | ৩৯ | ৪৯ |
| প্রশিক্ষণার্থীর সংখ্যা | ৭২৯ | ৭৮৬ | ৮০৫ | ৭৫০ | ৭৭৪ | ১২৬৮ | ১৮০৬ | ২২০৫ |




লেখচিত্র-৫ : বিগত আট বছরে (২০০৯-১০ থেকে ২০১৬-১৭) অনুষ্ঠিত প্রশিক্ষণের সংখ্যা




লেখচিত্র-৬ : বিগত আট বছরে (২০০৯-১০ থেকে ২০১৬-১৭) অনুষ্ঠিত প্রশিক্ষণে অংশগ্রহণকারীর সংখ্যা

**বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশন এবং ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও)কর্তৃক আয়োজিত "বাজার জাতকরণ ও সম্প্রসারণ"শীর্ষক কর্মশালাঃ**

গত ১১ জুলাই, ২০১৬ ইং তারিখে ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন(এনপিও) এবং বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশন ,ঢাকা এর যৌথ উদ্যোগে "বাজার জাতকরণ ও সম্প্রসারণ" শীর্ষক কর্মশালা বাস্তবায়ন করা হয় ।

উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশনের পরিচালক যুগ্ম-সচিব জনাব অজিত কুমার পাল এফসিএ "বাজার জাতকরণ ও সম্প্রসারণ" শীর্ষক কর্মশালার শুভ উদ্বোধন করেন। প্রধান অতিথি তার বক্তব্যে বলেন মুক্ত বাজার অর্থনীতির যুগে পৃথিবীর সকল দেশের জন্য পণ্য এবং প্রযুক্তির আমদানি ও রপ্তানি করতে হলে বিশ্ব বাণিজ্য সংস্থা/ওয়ার্ল্ড ট্রেড অর্গানাইজেশন (WTO) এর নিয়মাবলি সম্পর্কে জানা একান্ত প্রয়োজন। শিল্প উন্নয়নের জন্য WTO এর যে সকল নিয়মাবলি বেশী প্রয়োজনীতা হচ্ছে Trade Related Aspects of Intellectual Property Right সংক্রান্ত মেধাস্বত্ব চুক্তি যা সংক্ষেপে ট্রিপস (TRIPS) Agreement TRIPS এর শর্তানুসারে WTO এর সদস্যভুক্ত এক দেশের পণ্য অপর দেশের বাজারে প্রবেশের অনুমতি প্রদান করতে হবে। তিনি আরোও বললেন ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও), শিল্প মন্ত্রণালয়ের অধীন উৎপাদনশীলতা উন্নয়ন বিষয়ক কার্যক্রম পরিচালনার জন্য একটি পেশাদারী সরকারি প্রতিষ্ঠান। এ প্রতিষ্ঠান Productivity and Quality Improvement এর জন্য সরকারি- বেসরকারি বিভিন্ন শিল্প কারখানাকে দক্ষ, উৎপাদনশীল এবং বর্তমান বিশ্বায়নের যুগে প্রতিযোগিতামূলক প্রতিষ্ঠানে পরিণত করার লক্ষ্যে নিয়মিতভাবে বহুমুখী কার্যক্রম পরিচালনা করে থাকে যার মধ্যে প্রশিক্ষণ, সেমিনার/কর্মশালা আয়োজন, গবেষণামূলক প্রতিবেদন তৈরি, কনসালটেন্সি সার্ভিস, সচেতনতা প্রচারাভিযান প্রভৃতি অন্যতম। তাছাড়া প্রতিষ্ঠানের চাহিদা অনুসারে এশিয়ান প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এপিও) এর সহায়তায় টেকনিক্যাল এক্সপার্ট সার্ভিস (টিইএস) প্রদান করে থাকে। তিনি বলেন, অনেকেই মনে করেন 'প্রোডাকশন' বাড়লেই ' প্রোডাকটিভিটি' বাড়বে। এটা ঠিক নয় বরং 'প্রোডাকটিভিটি' বাড়লেই 'প্রোডাকশন' বাড়বে। তিনি আরও বলেন যে, এনপিও কাইজেন পদ্ধতি প্রয়োগের মাধ্যমে বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানের উৎপাদনশীলতা বৃদ্ধি তথা রিজেকশন রেট কমাতে সক্ষম হয়েছে। বিশেষ করে জুট মিলস সমূহে এ পদ্ধতির প্রয়োগের ফলাফল খুবই উৎসাহব্যঞ্জক। তিনি বলেন, ২ অক্টোবর, ২০১১ তারিখে বর্তমান সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা উৎপাদনশীলতা বহুপক্ষীয় সম্মেলনে ৩টি বিষয়ে ঘোষণা দেন। (১) উৎপাদনশীলতাকে একটি জাতীয় আন্দোলন হিসেবে ঘোষণা করেন। (২) National Productivity and Quality Excellence Award প্রদান এবং (৩) প্রতি বছর ২ অক্টোবর জাতীয় উৎপাদনশীলতা দিবস উদযাপন করা হবে। আলোচ্য কর্মশালায় সভাপতি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশন এর পরিচালক (উৎপাদন) ও যুগ্ম সচিব জনাব কামাল উদ্দিন। তাঁর বক্তব্যে বলেন, শুধু উৎপাদন বাড়ালেও চলবে না, প্রতিষ্ঠানের উন্নতির জন্য উৎপাদনশীলতা বৃদ্ধি করা আবশ্যক। তিনি সকল প্রশিক্ষণার্থীদের মনোযোগ ও আন্তরিকতার সাথে কোর্সটি সম্পন্ন করার জন্য অনুরোধ জানান । উক্ত

### সমাপনী অনুষ্ঠানঃ

কর্মশালার সমাপনী অনুষ্ঠানে সভাপতি প্রশিক্ষণের সমাপনী বক্তব্যে বলেন উৎপাদনশীলতা উন্নয়নের বিভিন্ন কলা-কৌশল সঠিকভাবে অনুশীলন ছাড়া উৎপাদনশীলতা বৃদ্ধি করা সম্ভব নয়। আলোচ্য কর্মশালা থেকে প্রশিক্ষণার্থীরা এ সকল কলা-কৌশল সম্পর্কে সুস্পষ্ট ধারণা ও জ্ঞান লাভ করতে সক্ষম হয়েছে যা আমাদেরকে আরো দক্ষ ও কার্যকরী করে তুলতে বিশেষ সহায়ক ভূমিকা পালন করবে। তিনি আরোও বলেন, কর্মশালাটি যথেষ্ট ফলপ্রসু হয়েছে এবং ব্যক্তি ও জীবনের উন্নতির গতিধারাকে আরো ত্বরান্বিত করবে। সকল প্রশিক্ষণার্থী অত্যন্ত মনোযোগ ও আন্তরিকতার সাথে কর্মশালাটি শেষ করায় সবাইকে আন্তরিক অভিনন্দন ও ধন্যবাদ জানান এবং অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন।

## ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও), শিল্প মন্ত্রণালয় এবং বাংলাদেশ স্বেচ্ছাসেবী সংগঠন ফেডারেশন এর যৌথ উদ্যোগে গত ১২ ডিসেম্বর, ২০১৬ তারিখ দিন ব্যাপী "শিল্প উদ্যোক্তা উন্নয়ন ও ব্যবসা সম্প্রসারণ" শীর্ষক কর্মশালা

ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও), শিল্প মন্ত্রণালয় এবং বাংলাদেশ স্বেচ্ছাসেবী সংগঠন ফেডারেশন এর যৌথ উদ্যোগে গত ১২ ডিসেম্বর, ২০১৬ তারিখ দিনব্যাপী "শিল্প উদ্যোক্তা উন্নয়ন ও ব্যবসা সম্প্রসারণ" শীর্ষক কর্মশালাজাতীয় গ্রন্থাগার ভবন, বঙ্গবন্ধু এ্যাভিনিউ, ঢাকায় অনুষ্ঠিত হয় ।

### কোর্সের উদ্দেশ্যঃ

বর্তমানে তীব্র প্রতিযোগিতামূলক বিশ্বে শিল্প কারখানা থেকে শুরু করে যে কোন ব্যবসা বাণিজ্য ও সেবা দানকারী প্রতিষ্ঠান পরিচালনার ক্ষেত্রে উৎপাদনশীলতার কোন বিকল্প নেই। সম্পদের দক্ষ ও কার্যকর ব্যবহার এবং পণ্যের সেবার মান উন্নয়নে উৎপাদনশীলতা একমাত্র উপায়। শিল্প প্রতিষ্ঠানের উন্নয়নের লক্ষ্যে সুষ্ঠু ব্যবস্থাপনার মাধ্যমে কিভাবে সময় ও ব্যয়কে সুসামঞ্জস্যপূর্ণভাবে সমন্বয় সাধনপূর্বক কম খরচে অধিক গুণগত মানসম্পন্ন পণ্য ও সেবা উৎপাদন করত অধিকতর গ্রাহক সৃষ্টি করা যায়, সে বিষয়ে আলোচনার উদ্দেশ্যে আলোচ্য কর্মশালা বাস্তবায়ন করা হয়েছে ।

### কর্মশালার বিষয়বস্তু

কর্মশালায় দিনব্যাপী নিম্নোক্ত মোট ৪ টি বিষয় অন্তর্ভুক্ত ছিল ।

১. উৎপাদনশীলতার মূল ধারণা;
২. উৎপাদনশীলতা উন্নয়নে ফাইভ এস পদ্ধতির প্রয়োগ;
৩. উৎপাদনশীলতা উন্নয়নে লিন টেকনিকস এন্ড টুলস- ইলিমিনেশন ওয়েস্টেজ;
৪. সফল শিল্প উদ্যোক্তার বৈশিষ্ট্য ও গুণাবলি ।

এনপিও'র সিনিয়র রিসার্চ অফিসার, জনাব এ টি এম মোজাম্মেল হক, রিসার্চ অফিসার মিজ আবিদা সুলতানা এবং জনাব মোঃ রাজু আহমেদ উক্ত বিষয়গুলির উপর বক্তব্য উপস্থাপন করেন ।

**উদ্বোধনী অধিবেশনঃ**



প্রধান অতিথি : জনাব অজিত কুমার পাল এফসিএ, পরিচালক(অতিরিক্ত সচিব), এনপিও

বিশেষ অতিথি : জনাব আলহাজ্ব বীর মুক্তিযোদ্ধা মোঃ এনামুল হক, চেয়ারম্যান, আইন সহায়তা কেন্দ্র (আসক) ফাউন্ডেশন
: জনাব আহমেদ হোসেন চৌন, পরিচালক, আইন সহায়তা কেন্দ্র(আসক) ফাউন্ডেশন
: জনাব ফিরোজ আলম সুমন, সদস্য এফবিসিসিআই এবং পরিচালক, আইন সহায়তা কেন্দ্র (আসক) ফাউন্ডেশন
: জনাব মোঃ জহিরুল ইসলাম, পরিচালক, সোসাইটি ফর অবজারভেশন এন্ড প্রেস এ্যাকশন
: জনাব মোঃ আব্দুল মুসাব্বির, যুগ্ম-পরিচালক, এনপিও

সভাপতি : জনাব মোঃ সামসুল হক, সভাপতি, বাংলাদেশ স্বেচ্ছাসেবী সংগঠন ফেডারেশন

স্বাগত বক্তব্য : জনাব মোঃ মাহাবুর আলম শেখ রাসেল পিভিএম, পরিচালক, আনসার ও ভিডিপি উন্নয়ন ব্যাংক

কোর্স সমন্বয়কারী : জনাব এ টি এম মোজাম্মেল হক, উর্দ্ধতন গবেষণা কর্মকর্তা, এনপিও ।

রিসোর্স পারসন : (১) জনাব এ টি এম মোজাম্মেল হক, উর্দ্ধতন গবেষণা কর্মকর্তা, এনপিও।
(২) মিজ আবিদা সুলতানা, গবেষণা কর্মকর্তা ,এনপিও।
(৩) জনাব মোঃ রাজু আহম্মেদ, গবেষণা কর্মকর্তা ,এনপিও।

প্রশিক্ষণার্থীর সংখ্যা : ২১৫ জন।

কর্মশালার স্থান : জাতীয় গ্রন্থভবন মিলনায়তন, ৫/সি, বঙ্গবন্ধু এভিনিউ, গুলিস্থান, ঢাকা ।

আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক এর পরিচালক জনাব মোঃ মাহাবুর আলম শেখ রাসেল পিভিএম প্রথমে স্বাগত বক্তব্য উপস্থাপন করেন। এর পর একে একে জনাব আহম্মেদ হোসেন চৌন, পরিচালক, আইন সহায়তা কেন্দ্র (আসক) ফাউন্ডশেন, জনাব ফিরোজ আলম সুমন, সদস্য এফবিসিসিআই এবং পরিচালক, আইন সহায়তা কেন্দ্র (আসক) ফাউন্ডশেন, জনাব মোঃ জহিরুল ইসলাম, পরিচালক, সোসাইটি ফর অবজারভেশন এন্ড প্রেস এ্যাকশন, জনাব আলহাজ্ব বীর মুক্তিযোদ্ধা মোঃ এনামুল হক, চেয়ারম্যান, আইন সহায়তা কেন্দ্র (আসক) ফাউন্ডেশন ও জনাব মোঃ আব্দুল মুসাব্বির, যুগ্ম-পরিচালক, এনপিও তাদের বক্তব্য উপস্থাপন করেন। জনাব মোঃ আব্দুল মুসাব্বির, যুগ্ম-পরিচালক, এনপিও বলেন, উৎপাদনশীলতা ব্যতীত দেশ, জাতি, অত্র কোম্পানী ও ব্যক্তিগত জীবনে চলা খুবই কষ্টকর। এ থেকে উত্তরণের একমাত্র উপায় হল উৎপাদনশীলতা ও পণ্যের গুনগত মানোন্নয়ন।

প্রধান অতিথি জনাব অজিত কুমার পাল এফসিএ বলেন, উৎপাদনশীলতা একটি জাতীয় আন্দোলন। সরকারের ভিশন-২০২১ ও ২০৪১ বাস্তবায়নে উৎপাদনশীলতার বিকল্প নেই । তাই সকলকে ঐক্যবদ্ধভাবে উৎপাদনশীলতা উন্নয়নে কাজ করতে হবে।

কোর্স সমন্বয়কারী জনাব এ টি এম মোজাম্মেল হক তার বক্তব্যে এনপিও'র কর্মকান্ড সম্পর্কে সকলকে অবহিত করেন। তিনি এনপিও'র বিভিন্ন সেবার বিষয়ে প্রশিক্ষণ, কর্মশালা, কাইজেন কর্মসূচি, জাপানীজ 5s কার্যক্রম বাস্তবায়ন, সচেতনতা প্রচারাভিযান, বিভিন্ন প্রতিষ্ঠানের তথ্যের ভিত্তিতে গবেষণা প্রতিবেদন প্রস্তুত, উৎপাদনশীলতা কর্মকান্ড বাস্তবায়নের জন্য বিভিন্ন কমিটির কার্যক্রমের বর্ণনা করেন। তাছাড়া মাননীয় প্রধানমন্ত্রী গত ২ অক্টোবর, ২০১১ তারিখে তিনটি ঘোষণা প্রদান করেন। সে মোতাবেক জনাব হক মাননীয় প্রধান মন্ত্রীর ঘোষণার বিস্তারিত আলোচনায় উল্লেখ করেন যে, উৎপাদনশীলতাকে জাতীয় আন্দোলন হিসেবে সারাদেশে ছড়িয়ে দিতে হবে, ২ অক্টোবরকে জাতীয় উৎপাদনশীলতা দিবস পালন এবং দেশের সেরা শিল্প প্রতিষ্ঠানে ৬টি ক্যাটাগরীতে ৩টি করে মোট আঠারোটি প্রতিষ্ঠানে ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স এওয়ার্ড প্রদান করতে হবে। তাছাড়া জনাব হক এপিও'র বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন ও এপিও'র টেকনিক্যাল এক্সপার্ট সার্ভিস বিষয়ে বিস্তারিত আলোকপাত করেন। তিনি আরও বলেন উৎপাদনশীলতা উন্নয়নের কোন বিকল্প নেই। বিশ্ব বাজারে টিকে থাকতে হলে উৎপাদনশীলতা ও পণ্যের গুনগতমান বৃদ্ধি করা আবশ্যক। এতে দেশ, জাতি, মালিক, শ্রমিক সকলেই উপকৃত হবে। উদ্বোধনী অনুষ্ঠান পরিচালনা করেন পরিচালক, সোসাইটি ফর অবজারভেশন এন্ড প্রেস এ্যাকশন জনাব মোঃ জহিরুল ইসলাম ।

রিসোর্স পার্সনদের বক্তব্য প্রদান, হ্যান্ডআউট ও

পাওয়ার পয়েন্টের সফট কপি বিতরণ, পাওয়ার পয়েন্টের মাধ্যমে বক্তব্য উপস্থাপন, আকর্ষণীয় পিকচার প্রদর্শন এবং উৎপাদনশীলতা বিষয়ক পোস্টার ও লিফলেট বিতরণ, উন্মুক্ত আলোচনা ও কোর্স মূল্যায়ন পর্ব অনুষ্ঠিত হয়।

এরপর রিসোর্স পারসনগণ তাদের নিজ নিজ পেপার উপস্থাপন করেন।

প্রথমে মোছাঃ আবিদা সুলতানা উৎপাদনশীলতার মূল ধারণা, গুরুত্ব ও ইহার সুফল সম্পর্কে আলোচনা করেন। এরপর জনাব এ টি এম মোজাম্মেল হক উৎপাদনশীলতা উন্নয়নে জাপানী ৫ এস পদ্ধতির ব্যবহার সম্পর্কে আলোচনা করেন। এরপর জনাব মোঃ রাজু আহম্মেদ সফল শিল্প উদ্যোক্তার বৈশিষ্ট্য ও গুনাবলি সম্পর্কে আলোচনা করেন। সর্বশেষ জনাব এ টি এম মোজাম্মেল হক উৎপাদনশীলতা উন্নয়নে লিন টেকনিকস এন্ড টুলস ইলিমিনেশন ওয়েস্টেজ সম্পর্কে আলোচনা করেন।

**সমাপনী অনুষ্ঠানঃ**

কর্মশালার সমাপনী বক্তব্যে বাংলাদেশ স্বেচ্ছাসেবী সংগঠন ফেডারেশন এর সভাপতি জনাব মোঃ সামসুল হক বলেন উৎপাদনশীলতা উন্নয়নের বিভিন্ন কলা-কৌশল সঠিকভাবে অনুশীলন ছাড়া উৎপাদনশীলতা বৃদ্ধি করা সম্ভব নয়। আলোচ্য কর্মশালা থেকে প্রশিক্ষণার্থীরা এ সকল কলা-কৌশল সম্পর্কে সুস্পষ্ট ধারণা ও জ্ঞান লাভ করতে সক্ষম হয়েছে যা আমাদের কে আরো দক্ষ ও কার্যকরী করে তুলতে বিশেষ সহায়ক ভূমিকা পালন করবে। সকল প্রশিক্ষণার্থী অত্যন্ত মনোযোগ ও আন্তরিকতার সাথে কর্মশালাটি শেষ করায় সবাইকে আন্তরিক অভিনন্দন ও ধন্যবাদ জানান এবং অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন।

ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও), শিল্প মন্ত্রণালয় এবং আইন সহায়তা কেন্দ্র(আসক) ফাউন্ডেশন এর যৌথ উদ্যোগে গত ২৮ ফেব্রুয়ারী, ২০১৭ তারিখ দিনব্যাপী "উদ্যোক্তা উন্নয়নে ব্যবসা ব্যবস্থাপনা ও বাজারজাতকরণ' শীর্ষক কর্মশালার প্রতিবেদন ।

ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও), শিল্প মন্ত্রণালয় এবং আইন সহায়তা কেন্দ্র(আসক) ফাউন্ডেশন এর যৌথ উদ্যোগে গত ২৮ ফেব্রুয়ারি, ২০১৭ তারিখ দিনব্যাপী "উদ্যোক্তা উন্নয়নে ব্যবসা ব্যবস্থাপনা ও বাজারজাতকরণ" শীর্ষক কর্মশালা জাতীয় গ্রন্থাগার ভবন, বঙ্গবন্ধু এভিনিউ, ঢাকায় অনুষ্ঠিত হয় ।

**কোর্সের উদ্দেশ্যঃ**

উৎপাদনশীলতা ব্যতীত দেশ, জাতি, এ কোম্পানি ও ব্যক্তিগত জীবনে চলা খুবই কষ্টকর।

এ থেকে উত্তরণের একমাত্র উপায় হল উৎপাদনশীলতা ও পণ্যের গুনগত মানোন্নয়ন। সম্পদের দক্ষ ও কার্যকর ব্যবহার এবং পণ্যের সেবার মান উন্নয়নে উৎপাদনশীলতা একমাত্র উপায় । শিল্প প্রতিষ্ঠানের উন্নয়নের লক্ষ্যে সুষ্ঠু ব্যবস্থাপনার মাধ্যমে কিভাবে সময় ও ব্যয়কে সুসামঞ্জস্যপূর্ণভাবে সমন্বয় সাধনপূর্বক কম খরচে অধিক গুণগত মানসম্পন্ন পণ্য ও সেবা উৎপাদন করত অধিকতর গ্রাহক সৃষ্টি করা যায়, সে বিষয়ে আলোচনার উদ্দেশ্যে আলোচ্য কর্মশালা বাস্তবায়ন করা হয়েছে ।

**কর্মশালার বিষয়বস্তু**

কর্মশালায় দিন ব্যাপী নিম্নোক্ত মোট ৩ টি বিষয় অন্তর্ভুক্ত ছিল ।

১. উৎপাদনশীলতার মূল ধারণা, গুরুত্ব ও ইহার সুফল;

৩. উৎপাদনশীলতা উন্নয়নে লিন টেকনিকস এন্ড টুলস- ইলিমিনেশন ওয়েস্টেজ;
কোর্স সমন্বয়কারী এবং এনপিও'র সিনিয়র রিসার্চ অফিসার, জনাব এ টি এম মোজাম্মেল হক এবং রিসার্চ অফিসার জনাব মোঃ ফরিদ উদ্দিন উক্ত বিষয়গুলির উপর বক্তব্য উপস্থাপন করেন।

উদ্বোধনী অধিবেশনঃ



| | |
|---|---|
| প্রধান অতিথি | : জনাব আলহাজ্ব বীর মুক্তিযোদ্ধা মোঃ এনামুল হক, চেয়ারম্যান, আইন সহায়তা কেন্দ্র (আসক) ফাউন্ডেশন |
| উদ্বোধন করেন | : জনাব মোঃ আব্দুল মুসাব্বির, যুগ্ম-পরিচালক, এনপিও |
| প্রধান আলোচক | : জনাব মোঃ সামসুল হক, নির্বাহী পরিচালক, আইন সহায়তা কেন্দ্র (আসক) ফাউন্ডেশন |
| বিশেষ অতিথি | : জনাব উইং কমান্ডার(অবঃ) মোঃ ফজলুল হক, উপদেষ্টা, আইন সহায়তা কেন্দ্র (আসক) |
| ফাউন্ডেশন | : জনাব মোঃ মাহাবুর আলম শেখ রাসেল পিভিএম, পরিচালক, (আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক) |
| | : জনাব আহমেদ হোসেন চাঁন, পরিচালক, আইন সহায়তা কেন্দ্র (আসক) ফাউন্ডেশন |
| | : জনাব মোঃ জহিরুল ইসলাম, পরিচালক, আইন সহায়তা কেন্দ্র (আসক) ফাউন্ডেশন |
| স্বাগত বক্তব্য | : খন্দকার সাইফুল ইসলাম সজল, সভাপতি(ঢাকা বিভাগ), আইন সহায়তা কেন্দ্র (আসক) ফাউন্ডেশন |
| কোর্স সমন্বয়কারী | : জনাব এ টি এম মোজাম্মেল হক, উর্ধ্বতন গবেষণা কর্মকর্তা, এনপিও । |
| রিসোর্স পারসন | : (১) জনাব এ টি এম মোজাম্মেল হক, উর্ধ্বতন গবেষণা কর্মকর্তা, এনপিও। (২) জনাব মোঃ ফরিদ উদ্দিন, গবেষণা কর্মকর্তা, এনপিও। |
| প্রশিক্ষনার্থীর সংখ্যা | : ১৩২ জন। |
| কর্মশালার স্থান | : জাতীয় গ্রন্থভবন মিলনায়তন, ৫/সি, বঙ্গবন্ধু এভিনিউ, গুলিস্তান, ঢাকা । |

খন্দকার সাইফুল ইসলাম সজল, সভাপতি (ঢাকা বিভাগ), আইন সহায়তা কেন্দ্র (আসক) ফাউন্ডেশন প্রথমে স্বাগত বক্তব্য উপস্থাপন করেন । এর পর একে একে জনাব মোঃ সামসুল হক, নির্বাহী পরিচালক, আইন সহায়তা কেন্দ্র (আসক) ফাউন্ডেশন, জনাব উইং কমান্ডার(অবঃ) মোঃ ফজলুল হক, উপদেষ্টা, আইন সহায়তা কেন্দ্র (আসক) ফাউন্ডেশন, জনাব মোঃ মাহাবুর আলম শেখ রাসেল পিডিএম, পরিচালক, আনসার ও ভিডিপি উন্নয়ন ব্যাংক, জনাব আহমেদ হোসেন চাঁন, পরিচালক, আইন সহায়তা কেন্দ্র (আসক) ফাউন্ডশেন, জনাব মোঃ জহিরুল ইসলাম, পরিচালক, আইন সহায়তা কেন্দ্র (আসক) ফাউন্ডেশন এবং জনাব মোঃ আব্দুল মুসাব্বির, যুগ্ম-পরিচালক, এনপিও তাদের বক্তব্য উপস্থাপন করেন। জনাব মোঃ আব্দুল মুসাব্বির, যুগ্ম-পরিচালক, এনপিও বলেন, উৎপাদনশীলতা একটি জাতীয় আন্দোলন। সরকারের ভিশন ও মিশন বাস্তবায়নে উৎপাদনশীলতার বিকল্প নেই। তাই সকলকে ঐক্যবদ্ধভাবে উৎপাদনশীলতা উন্নয়নে কাজ করতে হবে। উৎপাদনশীলতা ব্যতীত দেশ, জাতি, কোম্পানি ও ব্যক্তিগত জীবনে চলা খুবই কষ্টকর। এ থেকে উত্তরণের একমাত্র উপায় হল উৎপাদনশীলতা ও পণ্যের গুনগত মানোন্নয়ন। কোর্স সমন্বয়কারী জনাব এ টি এম মোজাম্মেল হক তার বক্তব্যে এনপিও'র কর্মকান্ড সম্পর্কে সকলকে অবহিত করেন। প্রধান অতিথি জনাব আলহাজ্ব বীর মুক্তিযোদ্ধা মোঃ এনামুল হক বলেন, উৎপাদনশীলতা শিল্পের সাথে সম্পর্কিত। তাই শিল্প প্রতিষ্ঠানের উন্নতি করতে হলে অবশ্যই উৎপাদনশীলতা বৃদ্ধি করতে হবে। এ ধরনের উৎপাদনশীলতা বিষয়ক কর্মশালা আয়োজনের জন্য এনপিওকে তিনি ধন্যবাদ জানান ।

রিসোর্স পারসনগণ তাদের নিজ নিজ পেপার উপস্থাপন করেন । প্রথমে জনাব মোঃ ফরিদ উদ্দিন উৎপাদনশীলতার মূল ধারণা, গুরুত্ব ও ইহার সুফল সম্পর্কে আলোচনা করেন। এরপর জনাব এ টি এম মোজাম্মেল হক উৎপাদনশীলতা উন্নয়নে জাপানী ৫ এস পদ্ধতির ব্যবহার এবং উৎপাদনশীলতা উন্নয়নে লীন টেকনিকস এন্ড টুলস ইলিমিনেশন ওয়েস্টেজ সম্পর্কে আলোচনা করেন ।

**সমাপনী অনুষ্ঠানঃ**

কোর্স সমন্বয়কারী জনাব এ টি এম মোজাম্মেল হক তার সমাপনী বক্তব্যে বলেন, কর্মশালাটি নতুন উদ্যোক্তাদের জন্য খুবই উপকারে আসবে এবং তারা নিজ নিজ কর্মক্ষেত্রে তা কাজে লাগিয়ে উৎপাদনশীলতা উন্নয়ন ঘটাতে পারবে । এর পর কোর্স সমন্বয়কারী সকল প্রশিক্ষণার্থীদের ধন্যবাদ জানিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন।

## বাংলাদেশ ইঞ্জিনিয়ারিং শিল্প মালিক সমিতি এবং ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) কর্তৃক আয়োজিত "ব্যবহারিক 5S"শীর্ষক কর্মশালার প্রতিবেদন

গত ৩০ এপ্রিল, ২০১৭ইং তারিখে ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন(এনপিও) এবং বাংলাদেশ ইঞ্জিনিয়ারিং শিল্প মালিক সমিতি, ঢাকা এর যৌথ উদ্যোগে "ব্যবহারিক 5S"শীর্ষক কর্মশালা বাস্তবায়ন করা হয় ।



**উদ্বোধনী অনুষ্ঠানঃ**

উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ন্যাশনাল প্রোডাকটিভি অর্গানাইজেশনের যুগ্ম পরিচালক জনাব মোঃ আব্দুল মুসাব্বির "ব্যবহারিক 5S''শীর্ষক কর্মশালার শুভ উদ্বোধন করেন। প্রধান অতিথি তার বক্তব্যে বলেন ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও), শিল্প মন্ত্রণালয়ের অধীনস্থ উৎপাদনশীলতা উন্নয়ন বিষয়ক কার্যক্রম পরিচালনার জন্য একটি পেশাদারী সরকারি প্রতিষ্ঠান। অত্র প্রতিষ্ঠান Productivity and Quality Improvement এর জন্য সরকারী-বেসরকারী বিভিন্ন শিল্প কারখানাকে দক্ষ, উৎপাদনশীল এবং বর্তমান বিশ্বায়নের যুগে প্রতিযোগীতামূলক প্রতিষ্ঠানে পরিনত করার লক্ষ্যে নিয়মিতভাবে বহুমূখী কার্যক্রম পরিচালনা করে থাকে যার মধ্যে প্রশিক্ষণ, সেমিনার/কর্মশালা আয়োজন, গবেষণামূলক প্রতিবেদন তৈরি, কনসালটেন্সী সার্ভিস সচেতনতা প্রচারাভিযান প্রভৃতি অন্যতম। তাছাড়া প্রতিষ্ঠানের চাহিদা অনুসারে এশিয়ান প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এপিও) এর সহায়তায় টেকনিক্যাল এক্সপার্ট সার্ভিস (টিইএস) প্রদান করে থাকে। তিনি বলেন, অনেকেই মনে করেন 'প্রোডাকশন' বাড়লেই 'প্রোডাকটিভিটি' বাড়বে। এটা ঠিক নয় বরং 'প্রোডাকটিভিটি' বাড়লেই 'প্রোডাকশন' বাড়বে। তিনি আরও বলেন যে, এনপিও কাইজেন পদ্ধতি প্রয়োগের মাধ্যমে বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানের উৎপাদনশীলতা বৃদ্ধি তথা রিজেকশন রেট কমাতে সক্ষম হয়েছে । বিশেষ করে জুট মিলস সমূহে এ পদ্ধতির প্রয়োগের ফলাফল খুবই উৎসাহব্যঞ্জক। প্রশিক্ষণ কোর্সে সভাপতি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ ইঞ্জিনিয়ারিং শিল্প মালিক সমিতি, ঢাকা এর সভাপতি জনাব আব্দুর রাজ্জাক। তাঁর বক্তব্যে বলেন, শুধু উৎপাদন বাড়ালেও চলবে না, প্রতিষ্ঠানের উন্নতির জন্য উৎপাদনশীলতা বৃদ্ধি অপরিহার্য। এনপিও থেকে আগত প্রতিনিধি দল বিভিন্ন দেশ হতে প্রশিক্ষণ গ্রহন করে যে জ্ঞান লদ্ধ করেছেন তা বাংলাদেশ ইঞ্জিনিয়ারিং শিল্প মালিক সমিতি আয়োজিত কর্মশালায় উপস্থিত প্রশিক্ষণ গ্রহনকারীদের আরো দক্ষ ও কার্যকরী করে তুলবে। তিনি আরো বলেন, এনপিও একটি সরকারী প্রতিষ্ঠান হিসেবে স্বেচ্ছায় ফ্রি সার্ভিস প্রদান করে আসছে, যা খুবই প্রশংসনীয়। এজন্য এনপিও কর্তৃপক্ষ এবং আগত সকল রিসোর্স পারসনদের তিনি ধন্যবাদ জানান। তিনি সকল প্রশিক্ষণার্থীদের মনোযোগ ও আন্তরিকতার সাথে কোর্সটি সম্পন্ন করার জন্য অনুরোধ জানান ।

উদ্বোধনী অনুষ্ঠানে প্রশিক্ষণ কোর্স সমন্বয়কারীর দায়িত্ব পালন করেন জনাব মোঃ আমান উল্লাহ ফকির, উর্ধ্বতন গবেষণা কর্মকর্তা , এনপিও। উক্ত প্রশিক্ষণ কর্মসূচিতে বক্তব্য উপস্থাপন করেন, জনাব মোঃ আমান উল্লাহ ফকির, উর্ধ্বতন গবেষণা কর্মকর্তা, এনপিও, মোছাম্মৎ ফাতেমা বেগম, গবেষণা কর্মকর্তা, এনপিও এবং সৈয়দ জায়েদ-উল ইসলাম পরিসংখ্যান তথ্যানুসন্ধানকারী, এনপিও।

5s :

5s একটি জাপানী ম্যানেজমেন্ট পদ্ধতি। জাপান 5s পদ্ধতি প্রয়োগ করে বিশ্বে তাদের অবস্থান সমুন্নত রাখতে সক্ষম হয়েছে। 5s এমন একটি পদ্ধতি যা কর্মস্থলে প্রয়োগ করলে বর্তমান অবস্থা থেকে উন্নততর অবস্থায় পোছানো সম্ভব এবং এজন্য অতিরিক্ত অর্থের প্রয়োজন হয় না। শুধুমাত্র চিন্তা চেতনার একটু পরিবর্তন আনতে হয়। 5s ইংরেজী বর্ণ ''S" দিয়ে শুরু ৫টি জাপানী শব্দ 1) SEIRI (Sort), 2) SEITON (Systematize), 3) SEISO (Shine/Sweep), 4) SEIKETSU (Standardize) 5) SHITSUKE (Sustain).

1) SEIRI (Sort): SEIRI অর্থ বাছাই করা । বাছাই করতে গেলে প্রথমে যা কিছু আছে তাকে প্রয়োজনীয় এবং অপ্রয়োজনীয় এই দুই ভাগে ভাগ করতে হবে । প্রয়োজনীয় জিনিস রেখে অপ্রয়োজনীয় জিনিস অপসারণ করতে হবে ।

2) SEITON (Systematize): প্রয়োজনীয় জিনিসপত্র এবং অপ্রয়োজনীয় জিনিসপত্র বাছাই করার পর প্রয়োজনীয় জিনিসপত্র নিয়মতান্ত্রিকভাকে সাজাতে হবে। দৈনন্দিন জীবনে কিছু জিনিসপত্র আছে যা সব সময় কাজে লাগে তা হাতের কাছে রাখতে হবে যেন হাত বাড়ালেই পাওয়া যায়। আবার কিছু জিনিসপত্র দুই তিন দিন পর পর প্রয়োজন হয় তা একটু দুরে রাখতে হবে। এভাবে কাজের পরিধির উপর নির্ভর করে সবকিছু সাজাতে হবে। এর ফলে সময় খুব কম লাগবে, কর্ম পরিবেশ সুন্দর হবে এবং মানসিক প্রশান্তি আসবে, কাজের গুণগত মান ভাল হবে।

3) SEISO (Shine/Sweep): পরিষ্কার করা। আসবাবপত্র, যন্ত্রপাতি, কলকারখানা অর্থাৎ কর্মস্থল সব সময় পরিস্কার-পরিচ্ছন্ন রাখতে হবে। অপরিস্কার অবস্থায় কাজ করলে বিভিন্ন দুর্ঘটনা ও দুরারোগ্য অসুখ হতে পারে । কাজেই পরিস্কার-পরিচ্ছন্নতার কোন বিকল্প নেই ।

4) SEIKETSU (Standardize): কাজের পরিবেশকে এমন একটি পর্যায়ে নিয়ে যেতে হবে যেন কোন প্রতিবন্ধকতা ছাড়া সুন্দরভাবে কাজ সম্পন্ন হয়।

5) SHITSUKE (Sustain): সব কিছু ঠিকঠাক করা হলো কিন্তু সেটা ধরে রাখা গেল না তাহলে সব চেষ্টা ব্যর্থতায় পর্যবসিত হবে। কাজেই যা কিছু অর্জন করা হয় তা Sustain (টেকসই) করতে হবে। সচেতনা প্রচার, কর্মশালা, Big Cleaning Day, প্রশিক্ষণ, প্রভৃতির মাধ্যমে 5s পদ্ধতির অনুশীলন অব্যাহত রাখতে হবে। এভাবে 5s পদ্ধতি অনুশীলনের মাধ্যমে সাজানো গোছানো কর্মপরিবেশ তৈরি করে ব্যক্তি এবং প্রতিষ্ঠানের উন্নতির ধারা সচল রাখতে হবে। যার বাস্তব উদাহরণ আজকের আধুনিক জাপান ।

**সমাপনী অনুষ্ঠানঃ**

কর্মশালার সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ছিলেন বাংলাদেশ ইঞ্জিনিয়ারিং শিল্প মালিক সমিতি, ঢাকা এর সভাপতি জনাব আব্দুর রাজ্জাক। সভাপতি প্রশিক্ষনের সমাপনী বক্তব্যে বলেন উৎপাদনশীলতা উন্নয়নের বিভিন্ন কলা-কৌশল সঠিকভাবে অনুশীলন ছাড়া উৎপাদনশীলতা বৃদ্ধি করা সম্ভবপর নয়। আলোচ্য কর্মশালা থেকে প্রশিক্ষণার্থীরা এ সকল কলা-কৌশল সম্পর্কে সুস্পষ্ট ধারনা ও জ্ঞান লাভ করতে সক্ষম হয়েছে যা আমাদের কে আরো দক্ষ ও কার্যকরী করে তুলতে বিশেষ সহায়ক ভূমিকা পালন করবে। কোর্স সমন্বয়কারী তার সমাপনী বক্তব্যে বলেন, কর্মশালাটি যথেষ্ট ফলপ্রসু হয়েছে এবং ব্যক্তি জীবনের উন্নতির গতিধারাকে আরো ত্বরান্বিত করবে। সকল প্রশিক্ষণার্থী অত্যন্ত মনোযোগ ও আন্তরিকতার সাথে কর্মশালাটি শেষ করায় সবাইকে আন্তরিক অভিনন্দন ও ধন্যবাদ জানান এবং অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন।

**সমঝোতা স্মারক স্বাক্ষরঃ**

উৎপাদনশীলতা আন্দোলনকে বেগবান ও দেশের সামগ্রিক জাতীয় উৎপাদনশীলতা বৃদ্ধির জন্য শিল্প উদ্যোক্তাদের ব্যাপক অংশগ্রহণ নিশ্চিতের লক্ষ্যে ২৫-০৪-২০১৭ তারিখে এনপিও এবং নাসিব এর মধ্যে একটি সমঝোতা স্মারক স্বাক্ষর করা হয়েছে । এছাড়াও এফবিসিসিআই, বাংলাদেশ উইমেন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ (বিডব্লিউসিসিআই), বাংলাদেশ চেম্বার অব ইন্ডাস্ট্রিজ (বিসিআই)সহ বিভিন্ন ট্রেড বডির সাথে খসড়া সমঝোতা স্মারক স্বাক্ষর করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে ।

- **উৎপাদনশীলতা বিষয়কে পাঠ্যপুস্তকে অন্তর্ভুক্তিকরণঃ**

উৎপাদনশীলতা উন্নয়নের লক্ষ্যে জাতীয় উৎপাদনশীলতা পরিষদ (এনপিসি) ও উৎপাদনশীলতা কার্যনির্বাহী কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক উৎপাদনশীলতা বিষয়ে স্কুল পর্যায়ের ছাত্র-ছাত্রীদের সচেতন করে গড়ে তোলার লক্ষ্যে ৬ষ্ঠ, ৭ম ও ৮ম শ্রেণীর পাঠ্যপুস্তকে উৎপাদনশীলতা বিষয় অন্তর্ভুক্তির প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা হয়েছে ।

- **JICA এর মাধ্যমে উৎপাদনশীলতা উন্নয়নে KAIZEN কর্মসূচি বাস্তাবায়ন:**

শিল্প/ সেবা প্রতিষ্ঠানে ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) কর্তৃক KAIZEN কার্যক্রম পরিচালনা করা হয় । KAIZEN একটি জাপানী Management Technique যার ইংরেজি ভাবার্থ হচ্ছে Change for better । বাংলাদেশের বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানে KAIZEN পদ্ধতি বাস্তবায়ন করে উল্লেখযোগ্য ব্যয় ব্যতিরেকে ১০-২৫% উৎপাদনশীলতা বৃদ্ধি সম্ভব হয়েছে ।

পাট শিল্পখাত বাংলাদেশের দ্বিতীয় বৃহত্তম রপ্তানী খাত। পাট শিল্প এ দেশের একটি অধিক মূল্য সংযোজনশীল শিল্প খাত। উৎপাদনশীলতা বৃদ্ধির জন্য জরুরি পদক্ষেপ গ্রহণ করলে পাট শিল্পকে পুনরুজ্জীবিত করাসহ পাটজাত পণ্য রপ্তানীর ব্যাপকতা বৃদ্ধির মাধ্যমে জাতীয় অর্থনীতিকে শক্তিশালী করা যেতে পারে। JICA এর সহায়তায় উৎপাদনশীলতা উন্নয়নের লক্ষ্যে ৮(আট)টি (জনতা জুট মিলস লিঃ,পূবালী জুট মিলস লিঃ, নবারুন জুট মিলস লিঃ, বর্ড বারলপ জুট ইন্ডাস্ট্রিজ লিঃ, এ KAIZEN কার্যক্রমে PDCA (Plan-Do-Check-Action) এবং 3s (Seri, Seiton and Seiso) পদ্ধতির মাধ্যমে শিল্প /সেবা প্রতিষ্ঠানে উৎপাদনশীলতা উন্নয়ন বিষয়ে প্রত্যক্ষ প্রশিক্ষণ (OJT) কর্মসূচি বাস্তবায়ন করা হয় । এনপিও কনসালটেন্টগণ ধারাবাহিকভাবে একের পর এক বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানে উৎপাদনশীলতা বৃদ্ধিতে নিরলসভাবে কাজ করে যাচ্ছে ।

- **আন্তর্জাতিক শ্রম সংস্থা (ILO) র সহায়তায় কাইজেন (KAIZEN) কর্মসূচি বাস্তবায়ন:**

আন্তর্জাতিক শ্রম সংস্থা (ILO) র সহায়তায় ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর বিশেষজ্ঞদের মাধ্যমে KAIZEN পদ্ধতিতে ২০০৯-২০১০ অর্থ বছরে ১০টি (এপেক্স এডেলসী লিঃ,পিকার্ড (বাংলাদেশ) লিঃ,ল্যান্ডমার্ক ফুট ওয়্যার লিঃ, নাবিস্কো বিস্কুট এন্ড ব্রেড ফ্যাক্টরী লিঃ , হীরা বিস্কুট লিঃ , আল আমীন ব্রেড এন্ড বিস্কুট লিঃ,পেপসো বিস্কুট প্রাঃ লিঃ, বনফুল, বি আই ডব্লিউ টি সি, ও আর এম সিস্টেম লিঃ) এ চামড়া, বেকারী, শিপিং এবং ইলেক্ট্রনিক শিল্প প্রতিষ্ঠানসমূহে কাজ করা হয় ।

- **এপিও'র সহায়তায় TES (Technical Expert Service) প্রদানঃ**

এপিও'র সহায়তায় ২০০৭-২০০৮ হতে ২০১৫-১৬ পর্যন্ত ১৯টি শিল্প /সেবা প্রতিষ্ঠানসমূহের TES (Technical Expert Service) প্রদানের মাধ্যমে উৎপাদনশীলতা বৃদ্ধি করা হয়েছে ।

**টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা বা SDG সংক্রান্ত :**

সরকারের সিদ্ধান্ত মোতাবেক SDG চ্যালেঞ্জ মোকাবিলার জন্য প্রত্যেক দপ্তর/সংস্থাকে লক্ষ্য ও অভীষ্ঠ চিহ্নিত করে কর্ম পরিকল্পনা প্রস্তুত করতে বলা হয়েছে। নির্দেশনা অনুযায়ী টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার চ্যালেঞ্জ বাস্তবায়নের জন্য এনপিও'র লক্ষ্য ও অভীষ্ঠ চিহ্নিত করা হয়েছে এবং সে অনুযায়ী কর্মপরিকল্পনা প্রস্তুত করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে ।

**জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে এনপিও'র কার্যক্রম :**

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের জন্য এনপিও'র পরিচালকের নেতৃত্বে ০৬ (ছয়) সদস্য বিশিষ্ট নৈতিকতা কমিটি গঠণ করা হয়েছে । এছাড়া মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক কর্মপরিকল্পনা প্রস্তুত করা হয়েছে। নৈতিকতা কমিটি উক্ত কর্মপরিকল্পনা অনুযায়ী গৃহীত কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের দায়িত্ব পালন করে থাকে । এছাড়া এনপিও'র নিয়মিত প্রশিক্ষণ কর্মসূচিতে শুদ্ধাচার বিষয় অন্তর্ভুক্ত রাখা হয় ।

**এনপিও'র আইসিটি বিষয়ক কার্যক্রমঃ**

**১. Online Kaizn প্রকল্পঃ** মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই (a2i) প্রোগ্রামের সার্ভিস ইনোভেশন ফান্ড (SIF) হতে "KAIZEN Online" নামক প্রকল্প অনুমোদিত হয়েছে এবং এটি বাস্তবায়নের লক্ষ্যে ১৮,৪০০০০ (আঠার লক্ষ চল্লিশ হাজার) টাকা বরাদ্দ পাওয়া গেছে । প্রকল্পটি বাস্তবায়িত হলে বর্তমানের থেকে ১৫ গুণ বেশি প্রতিষ্ঠানে একই সাথে উৎপাদনশীলতা উন্নয়নের জাপানী টেকনিক "KAIZEN" বাস্তবায়ন ও মনিটরিং করা সম্ভব হবে ।

**২. ওয়েবসাইট স্থাপনঃ** ন্যাশনাল ওয়েবপোর্টালের অধীনে ওয়েবসাইট নির্মাণ করে প্রয়োজনীয় তথ্য আপলোড করা হয়েছে। এর ফলে এনপিও এবং এনপিও'র কার্যক্রম সম্পর্কে সাধারণ জনগণ জানতে পারছে। এছাড়াও কর্মপরিকল্পনা অনুযায়ী উৎপাদনশীলতা বিষয়ক বিভিন্ন প্রশিক্ষণ কর্মসূচি, সেমিনার,ওয়ার্কশপ ইত্যাদি সম্পর্কে প্রশিক্ষণার্থীগণ জানতে পারছে। নিয়োগ বিজ্ঞপ্তি, দরপত্র বিজ্ঞপ্তি, উৎপাদনশীলতা দিবস উপলক্ষ্যে বার্তা, ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স এওয়ার্ড বিষয়ক তথ্য সাধারণ মানুষের দোরগোড়ায় পৌঁছানো যাচ্ছে ।

**৩. দক্ষ জনবল দ্বারা আইসিটি সেল স্থাপনঃ** এনপিও তে ডিজিটাল কার্যক্রমকে গতিশীল করার লক্ষ্যে দক্ষ আইসিটি জনবল দ্বারা আইসিটি সেল স্থাপন করা হয়েছে । এর ফলে এ দপ্তরে আইসিটি বিষয়ক কার্যক্রম বিভিন্ন ক্ষেত্রে গতিশীলতা লাভ করেছে।

**৪. Wi-fi Network স্থাপনঃ** এ দপ্তরে দ্রুতগতি সম্পন্ন ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগের পাশাপাশি দ্রুতগতি সম্পন্ন Wi-fi Network স্থাপন করা হয়েছে। এতে এ দপ্তরের কর্মকর্তা ও কর্মচারীরা কম্পিউটার, ল্যাপটপ, ট্যাব ও স্মার্টফোন মোবাইলের মাধ্যমে অনলাইন ভিত্তিক বিভিন্ন তথ্য জানতে ও প্রয়োজনীয় ক্ষেত্রে ব্যবহার করতে পারছে ।

**৫. ডিজিটাল সরঞ্জামাদি সংক্রান্তঃ** এনপিও তে কম্পিউটার, প্রিন্টার, স্ক্যানার, ফটোকপিয়ার ইত্যাদি ব্যবহার করে দৈনন্দিন কার্যক্রম পরিচালনা করা হচ্ছে । কিন্তু সকল কর্মকর্তাকে কম্পিউটার প্রদান করা সম্ভব না হওয়ায় ডিজিটাল কার্যক্রমে প্রতিবন্ধকতা আছে। তবে সম্প্রতি আরও ১৩ টি কম্পিউটার টি এন্ড ই ভুক্ত হয়েছে । এর মধ্যে ২০১৬-১৭ অর্থবছর থেকে ১২ টি কম্পিউটার কেনা হয়েছে ।

**৬. তথ্য প্রযুক্তির ব্যবহারঃ**

(ক) অত্র দপ্তরের সকল কর্মকর্তাদের ই-মেইল আইডি খোলা হয়েছে । এর ফলে পূর্বে যেসব ক্ষেত্রে পত্রের হার্ডকপি দেয়া হতো সে সকল অনেক ক্ষেত্রে ই-মেইলের মাধ্যমে পত্র প্রেরণ করা হচ্ছে । (খ) এ দপ্তরে ইউনিকোডের অধীন বাংলা ফন্ট(নিকষ) ব্যবহার করা হচ্ছে ।(গ) ডুপ্লেক্স প্রিন্টার ব্যবহারের মাধ্যমে কাগজের ব্যবহার হ্রাস করা হচ্ছে ।

## আর্থিক তথ্য

## ৩৯৩৭-ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন

অঙ্কসমূহ হাজার টাকায়)

| সাংবিধানিক কোড | পরিচালন কোড | অর্থনৈতিক কোড | বিবরণ | সংশোধিত ২০১৬-১৭ | বাজেট ২০১৬-১৭ |
|---|---|---|---|---|---|
| | ০০০০ | ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন | | | |
| অনুন্নয়ন রাজস্ব ব্যয় | | | | | |
| ৪৫০০ অফিসারদের বেতন | | | | | |
| ৩ | ৪৫০১ অফিসারদের বেতন | | | ৮৫.০৪ | ৮৭.৯৩ |
| | উপমোট -অফিসারদের বেতন : | | | ৮৫.০৪ | ৮৭.৯৩ |
| ৪৬০০ প্রতিষ্ঠান কর্মচারীদের বেতন | | | | | |
| | ৪৬০১ প্রতিষ্ঠান কর্মচারীদের বেতন | | | ৭৯.৫৯ | ৯২.৭৮ |
| | | উপমোট -প্রতিষ্ঠান কর্মচারীদের বেতন : | | ৭৯.৫৯ | ৯২.৭৮ |
| ৪৭০০ ভাতাদি | | | | | |
| | ৪৭০৫ বাড়িভাড়া ভাতা | | | ৬৭০৫ | ৬৮৩৩ |
| | ৪৭০৯ শ্রান্তি বিনোদন ভাতা | | | ৫২০ | ৪৯৩ |
| | ৪৭১৩ উৎসব ভাতা | | | ২৭৬৮ | ২৯৯৭ |
| | ৪৭১৪ বাংলা নববর্ষ ভাতা | | | ২৫৫ | ৩১০ |
| | ৪৭১৭ চিকিৎসা ভাতা | | | ৯৬৫ | ৯৯৮ |
| | ৪৭৫৫ টিফিন ভাতা | | | ৮৩ | ১০৮ |
| | ৪৭৬৫ যাতায়াত ভাতা | | | ১২৫ | ১৫০ |
| | ৪৭৭৩ শিক্ষা ভাতা | | | ২৫০ | ৩২০ |
| | ৪৭৯৪ মোবাইল/সেলুলার টেলিফোন ভাতা | | | ১০ | ৮ |
| | ৪৭৯৫ অন্যান্য ভাতা | | | ৭০ | ৭০ |
| | | | উপমোট-ভাতাদি : | ১১১৪৭ | ১২২৮৭ |
| ৪৮০০ সরবরাহ ও সেবা | | | | | |
| | ৪৮০১ ভ্রমণ ব্যয় | | | ৭০০ | ৬০০ |
| * | ৪৮০৫ ওভারটাইম | | | ২৫০ | ২০০ |
| | ৪৮১১ ভূমি কর | | | ২০ | ২০ |
| * | ৪৮১৫ ডাক | | | ২০ | ২০ |
| * | ৪৮১৬ টেলিফোন/টেলিগ্রাম/টেলিপ্রিন্টার | | | ১৭০ | ১৭০ |
| * | ৪৮১৭ টেলেক্স/ফ্যাক্স/ইন্টারনেট | | | ১৫০ | ১৫০ |
| | ৪৮২৩ পেট্রোল ও লুব্রিক্যান্ট | | | ৪৫০ | ৪৫০ |
| | ৪৮২৪ বীমা/ব্যাংক চার্জ | | | ১০ | ১০ |
| | ৪৮২৭ মুদ্রণ ও বাঁধাই | | | ১৫০ | ১৫০ |
| | ৪৮২৯ গবেষণা/উদ্ভাবনী ব্যয় | | | ০ | ০ |
| | ৪৮৩১ বই পত্র ও সাময়িকী | | | ২৫ | ২৫ |
| | ৪৮৩৩ প্রচার ও বিজ্ঞাপণ | | | ১৩৫০ | ১০০০ |
| | ৪৮৪০ প্রশিক্ষণ ব্যয় | | | ২০০ | ১০০ |
| * | ৪৮৪২ সেমিনার, কনফারেন্স | | | ৯০০০ | ৬০০০ |
| | ৪৮৪৫ আপ্যায়ন ব্যয় | | | ৩৫০ | ৩০০ |
| * | ৪৮৮৩ সম্মানী ভাতা/ফি/পারিশ্রমিক | | | ২৫০ | ২৫০ |
| * | ৪৮৯০ অনুষ্ঠান/উৎসবাদি | | | ৩০০ | ২৫০ |
| | ৪৮৯৩ হায়ারিং চার্জ | | | ৭৯০ | ৭৯০ |
| | ৪৮৯৯ অন্যান্য ব্যয় | | | ৫০০ | ৫৫০ |
| | | | উপমোট-ভাতাদি : | ১৫৩১৫ | ১১৫৭৫ |

## আর্থিক তথ্য

### ৩৯৩৭-ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন

অঙ্কসমূহ হাজার টাকায়)

| সাংবিধানিক কোড | পরিচালন কোড | অর্থনৈতিক কোড | বিবরণ | | সংশোধিত ২০১৬-১৭ | বাজেট ২০১৬-১৭ |
|---|---|---|---|---|---|---|
| ৪৯০০ মেরামত ও সংরক্ষণ | | | | | | |
| ৪৯০১ মোটর যানবাহন | | | | | ২০০ | ১৫০ |
| ৪৯০৬ আসবাবপত্র | | | | | ১০০ | ১০০ |
| ৪৯১১ কম্পিউটার ও অফিস সরঞ্জাম | | ১ | | | ১৫০ | ১৫০ |
| | | | উপমোটঃ মেরামত, সংরক্ষণ ও পুনর্বাসন | : | ৪৫০ | ৪০০ |
| | | | উপমোট-অনুন্নয়ন রাজস্ব ব্যয় | : | ৪৩৯৭৫ | ৪২৩৩৩ |
| অনুন্নয়ন মূলধন ব্যয় | | | | | | |
| ৬৮০০ ক্রয়/ সম্পদ সংগ্রহ | | | | | | |
| * ৬৮১৩ যন্ত্রপাতি ও অন্যান্য সরঞ্জাম | | | | | ৩০০ | ৩০০ |
| * ৬৮১৫ কম্পিউটার ও যন্ত্রাংশ | | | | | ১২৫০ | ১৫০০ |
| * ৬৮২১ আসবাবপত্র | | | | | ৩০০ | ২০০ |
| | | | উপমোটঃ সম্পদ সংগ্রহ /ক্রয় | : | ১৮৫০ | ২০০০ |
| | | | উপমোটঃ অনুন্নয়ন মূলধন ব্যয় | : | ১৮৫০ | ২০০০ |
| | | | মোটঃ ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন | : | ৪৫৮২৫ | ৪৪৩৩৩ |
| | | | মোটঃ ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন | : | ২৫৫৯৬৩২ | ২৪১৬৫০০ |

**তথ্য অধিকার :**

সরকারি কাজকর্মে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে সরকার তথ্য অধিকার আইন করেছে । এর মাধ্যমে যে কোন প্রতিষ্ঠান সম্পর্কিত তথ্য প্রাপ্তি সহজতর করা হয়েছে । এই আইনের অধীন প্রকাশযোগ্য যাবতীয় তথ্য এনপিও'র ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে । তথ্য অধিকার আইন-২০০৯ অনুযায়ী যেসব তথ্য প্রদান করা বাধ্যতামূলক নয় সেসব তথ্য ব্যতীত অন্য কোন তথ্য পেতে নির্ধারিত ফরমের মাধ্যমে অথবা সাদা কাগজে অথবা ইমেইলে দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার নিকট আবেদন করতে হবে । দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা অনধিক ২০ (বিশ) কর্মদিবসের মধ্যে তথ্য সরবরাহ করবেন । তথ্য প্রদানের অপারগ হলে ১০ (দশ) কার্য দিবসের মধ্যে আবেদনকারীকে অবহিত করতে হবে। নির্ধারিত সময়সীমা অতিক্রম হওয়ার পর কেউ তথ্য না পেলে তিনি আপীল বিভাগের কর্তৃপক্ষের নিকট আপীল করতে পারবেন ।

**তথ্য অধিকার আইনে তথ্য সমূহকে তিনটি শ্রেণিতে ভাগ করা হয়েছে-**

- স্ব-প্রণোদিত তথ্য
- চাহিবামাত্র প্রদানে বাধ্য তথ্য
- কতিপয় তথ্য প্রকাশ বা প্রদান বাধ্যতামূলক নয়

**স্ব-প্রণোদিত তথ্যের তালিকাঃ**

- ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশনের সাংগঠনিক কাঠামোর বিবরণ
- ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশনের কার্যক্রম
- ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশনের কর্মকর্তাদের নাম, পদবী, দায়িত্ব এবং প্রযোজ্য ক্ষেত্রে ফ্যাক্স নম্বর
- ই-মেইল ঠিকানা
- বার্ষিক প্রতিবেদন
- এনপিও'র বাজেট প্রজ্ঞাপন (অনুন্নয়ন ও উন্নয়ন)
- সকল প্রকাশিত গবেষণা প্রতিবেদন

- তথ্য অধিকার আইন অনুযায়ী নিয়োজিত দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা, আপীল কর্তৃপক্ষ ও তথ্য কমিশনারদের নাম, পদবি ও ঠিকানা
- এপিও'র সদস্য ভুক্ত দেশসমূহের তালিকা
- তথ্য অধিকার আইন-২০০৯ এর ৭ ধারার বিধান সাপেক্ষে সামাজিক নিরাপত্তা, দারিদ্র বিমোচন কর্মসূচি সংক্রান্ত তথ্য
- সকল বিজ্ঞপ্তি/টেন্ডার বিজ্ঞপ্তি
- ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও)'র সভা সংক্রান্ত তথ্য

  এই শ্রেণির আওতাভুক্ত তথ্যগুলো এনপিও'র ওয়েবসাইটে (www.npo.gov.bd) প্রকাশ করা হয়েছে।

চাহিবামাত্র প্রদানে বাধ্য তথ্যের তালিকাঃ

- বৈদেশিক প্রশিক্ষণ/বিদেশ ভ্রমণ সংক্রান্ত তথ্য
- ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও)'র উল্লেখযোগ্য ক্রয় সংক্রান্ত সাধারণ তথ্য
- ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশনের বার্ষিক অডিট আপত্তি ও নিস্পত্তি সংক্রান্ত তথ্য
- ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশনের কর্মকর্তাদের প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা অর্পণ সংক্রান্ত তথ্য

যে সমস্ত তথ্য প্রদান করা বাধ্যতামূলক নয়ঃ

- তথ্য অধিকার আইন-২০০৯ এর ৭ ধারায় উল্লেখিত তথ্য
- ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) সংক্রান্ত সিদ্ধান্ত/নির্দেশনা/অনুশাসন
- রাষ্ট্রীয় নিরাপত্তা ও গোয়েন্দা কার্যে নিয়োজিত সংস্থা বা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত প্রতিবেদন
- সরকারিভাবে গোপনীয় হিসেবে ঘোষিত/স্বীকৃত তথ্য

তথ্য সরবরাহের জন্য ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশনের দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার নাম ও আপিল কর্তৃপক্ষের তথ্য।

| দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম ও পদবী | মোবাইল/ফোন ও ইমেইল |
|---|---|
| জনাব এ টি এম মোজাম্মেল হক<br>সিনিয়র রিসার্চ অফিসার | ০১৫৫২৪৩২০৯৮<br>ইমেইল : mozammel_atm01@yahoo.com |

| আপিল কর্তৃপক্ষের নাম ও পদবী | মোবাইল/ফোন ও ইমেইল |
|---|---|
| জনাব মোহাম্মদ আব্দুল্লাহ্<br>সচিব | ৯৫৬৭০২৪<br>ইমেইল : abdullah.abdullah@gmail.com<br>indescoy@moind.gov.bd |

# সিটিজেনস চার্টার

## ২.১) নাগরিক সেবা

| ক্র. নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি ফোন নম্বর ও ইমেইল) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১ | দেশের মানবসম্পদ উন্নয়নের জন্য উৎপাদনশীলতা বিষয়ক প্রশিক্ষণ প্রদান | ১। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান হতে দরখাস্ত গ্রহণ<br>২। কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ<br>৩। সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে প্রশিক্ষণ কর্মসূচি প্রদান<br>৪। সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে উপস্থিত হয়ে প্রশিক্ষণ প্রদান | সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নির্ধারিত প্যাডে আবেদন | বিনামূল্যে | ৩০ দিন | জনাব এ.টি.এম মোজাম্মেল হক<br>ঊর্ধ্বতন গবেষণা কর্মকর্তা<br>মোবাঃ ০১৫৫২৪৩২০৯৮<br>ইমেইল : mozammel_atmo1@yahoo.com |
| ২ | উৎপাদনশীলতা উন্নয়নের লক্ষ্যে কনসালটেন্সি বা পরামর্শ প্রদান | ১। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান থেকে আবেদন গ্রহণ<br>২। কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ<br>৩। নির্ধারিত সেবা প্রদানের জন্য সময় নির্ধারণ করে প্রতিষ্ঠানকে অবহিতকরণ<br>৪। প্রতিষ্ঠানে উপস্থিত হয়ে সংশ্লিষ্ট সেবা প্রদান | সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নির্ধারিত প্যাডে আবেদন | বিনামূল্যে | ৩০ দিন | জনাব মোঃ নজরুল ইসলাম<br>ঊর্ধ্বতন গবেষণা কর্মকর্তা<br>মোবাঃ ০১৫৫৬৩৩২৫৬৮<br>ইমেইল : nazrul_islam_si@yahoo.com |

## ২.২) দাপ্তরিক সেবা

| ক্র. নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি ফোন নম্বর ও ইমেইল) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১ | ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স এওয়ার্ড প্রদান। | ১। এনপিও'র ওয়েবসাইট ও পত্রিকায় বিজ্ঞপ্তির মাধ্যমে দরখাস্ত আহবান<br>২। আবেদনকারী প্রতিষ্ঠান থেকে আবেদন গ্রহণ<br>৩। আবেদনপত্র যাচাই বাছাইকরণ<br>৪। অ্যাসেসমেন্ট কমিটির নির্ধারিত ক্রাইটেরিয়া অনুযায়ী নম্বর প্রদান<br>৫। জুরি বোর্ডের চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ<br>৬। পুরস্কার প্রাপ্ত প্রতিষ্ঠানসমূহকে আনুষ্ঠানিকভাবে পুরস্কার প্রদান । | ১। পূরণকৃত আবেদন ফরম<br>২। আবেদনকারীর ১(এক) কপি ছবি<br>৩। প্রতিষ্ঠানের সম্মুখভাগের ১ (এক) কপি ছবি<br>৪। যথাযথ স্ট্যাম্পের উপর হলফনামা<br>৫। TIN সার্টিফিকেটের কপি<br>৬। তথ্যের প্রামাণিক দলিলাদি<br>৭। আবেদন ফরমের টাকা ব্যাংকে জমার রশিদ । | ৬টি ক্যাটাগরীতে পুরস্কার প্রদান করা হয়। প্রত্যেক ক্যাটাগরি অনুযায়ী আবেদন ফরমের মূল্য পরিশোধ করতে হয়। ক্যাটাগরী ভিত্তিক ফরমের মূল্য নিম্নরূপ:<br>১। ক্যাটাগরী-এ: বৃহৎ শিল্প-৫০০০/- টাকা<br>২। ক্যাটাগরী-বি: মাঝারী শিল্প-৩০০০/-টাকা<br>৩। ক্যাটাগরী-সি: ক্ষুদ্র শিল্প-২০০০/- টাকা<br>৪। ক্যাটাগরী-ডি: মাইক্রো শিল্প-১০০০/-টাকা<br>৫। ক্যাটাগরী-ই: কুটির শিল্প-১০০০/- টাকা<br>৬। ক্যাটাগরী-এফ: রাষ্ট্রায়ত্ত শিল্প প্রতিষ্ঠান-৫০০০/- টাকা ।<br>আবেদন ফরমের মূল্য বাবদ সংশ্লিষ্ট ফি সরকারি খাতে (১-৩৯৫৭-০০০০-২৬৮১) ট্রেজারী চালানের মাধ্যমে জমা দিতে হবে । | ৬০ দিন | জনাব মোঃ নজরুল ইসলাম<br>ঊর্ধ্বতন গবেষণা কর্মকর্তা<br>মোবাঃ ০১৫৫৬৩৩২৫৬৮<br>ইমেইল : nazrul_islam_si@yahoo.com |
| ২ | উৎপাদনশীলতা উন্নয়নের লক্ষ্যে APO এর সহায়তায় টেকনিক্যাল এক্সপার্ট সার্ভিস প্রদান। | ১। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান হতে APO এর নির্ধারিত ফরমে আবেদন গ্রহণ<br>২। এনপিও'র কর্তৃপক্ষের অনুমোদনের পর APO তে আবেদনপত্র প্রেরণ<br>৩। APO যাচাই বাছাইয়ের পর চূড়ান্ত অনুমোদন<br>৪। সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে অবহিতকরণ এবং সময় নির্ধারণ<br>৫। সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে এক্সপার্ট দ্বারা সেবা প্রদান। | APO এর নির্ধারিত পূরণকৃত আবেদন ফরম | ১। এক্সপার্ট সার্ভিস গ্রহণের জন্য এককালীন ৫০ ডলার।<br>২। এক্সপার্ট থাকাকালীন সময়ে প্রতিদিনের জন্য ১২ ডলার। এনপিও'র পরিচালকের অনুকূলে ডলারের সমপরিমাণ মূল্যের টাকা ক্যাশ/চেক আকারে প্রদান করতে হবে । | ০৬ মাস | জনাব মোঃ মনিরুজ্জামান<br>গবেষণা কর্মকর্তা (সিসি)<br>মোবাঃ ০১৯১৭৮২৭৮১৫<br>ইমেইল : monir_npo01@yahoo.com |

## ২.৩) অভ্যন্তরীণ সেবা

| ক্র. নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি ফোন নম্বর ও ইমেইল) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১ | শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা মঞ্জুরি | ১। আবেদনকারীর নিকট হতে আবেদন গ্রহণ<br>২। আবেদন প্রাপ্তির পর যাচাই বাছাইকরণ<br>৩। কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ<br>৪। পত্রের মাধ্যমে আবেদনকারীকে অবহিতকরণ | ১। ছুটি প্রাপ্যতার সনদ (প্রযোজ্য ক্ষেত্রে)<br>২। আবেদনকারীর আবেদনপত্র | বিনা মূল্যে | ৭ দিন | জনাব মোঃ জহুরুল ইসলাম<br>প্রশাসনিক কর্মকর্তা<br>মোবাঃ ০১৭১১৫৮৬৭৭৭<br>ইমেইল : zahurul1960 @yahoo.com |
| ২ | আনুতোষিক ও পেনশন মঞ্জুরি | ১। নির্ধারিত ছকে আবেদনকারীর নিকট হতে আবেদন গ্রহণ<br>২। আবেদন প্রাপ্তির পর যাচাই বাছাইকরণ<br>৩। কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ<br>৪। পত্রের মাধ্যমে আবেদনকারীকে অবহিতকরণ | ১। আবেদনকারী কর্তৃক পূরণকৃত পেনশন ফরম ও কাগজপত্র সমূহ : আবেদনপত্র,পেনশন ফরম-৩টি, সিএও শিল্প মন্ত্রণালয় কর্তৃক শেষ বেতন সনদ ও চাকুরীর বিবরণী-৩ কপি, পাসপোর্ট সাইজের ছবি-৪ কপি, নমুনা স্বাক্ষর ও পাঁচ আঙ্গুলের ছাপ-৩ কপি, উত্তরাধিকারী ঘোষণাপত্র-৩ কপি, শেষ কর্মস্থলের না-দাবি সনদ-২ কপি, বিভাগীয় মামলা নেই -২ কপি, জাতীয়তা সনদ-২ কপি, অঙ্গীকার-২ কপি, অবসর আদেশ -২ কপি, চাকুরী বহি-১ কপি, সরকারি বাসা সংক্রান্ত না-দাবি, সরকারি গাড়ি ব্যবহারের না-দাবি (প্রয়োজনীয় ক্ষেত্রে সত্যায়িত ফটোকপি)। পারিবারিক পেনশন (চাকরিরত অবস্থায় মৃত্যুবরণ করলে) : আবেদনপত্র, পেনশন ফরম- ৪ কপি, সিএও শিল্প মন্ত্রণালয় কর্তৃক শেষ বেতন সনদ ও চাকুরীর বিবরণী-৩ কপি, পাসপোর্ট সাইজের ছবি-৪ কপি, নমুনা স্বাক্ষর ও পাঁচ আঙ্গুলের ঘোষণাপত্র ও নন-ম্যারিজ সার্টিফিকেট -৩ কপি, শেষ কর্মস্থলের না-দাবি সনদ- ২ কপি, বিভাগীয় মামলা নেই- ২ কপি, জাতীয়তা সনদ- ২ কপি, সরকারি বাসা সংক্রান্ত না-দাবি, অঙ্গীকার পত্র -২ কপি, অভিভাবক মনোনয়ন সনদ- ৩ কপি, মৃত্যু জনিত সনদ -৩ কপি । | বিনা মূল্যে | ১৫ দিন | জনাব মোঃ জহুরুল ইসলাম<br>প্রশাসনিক কর্মকর্তা<br>মোবাঃ ০১৭১১৫৮৬৭৭৭<br>ইমেইল : zahurul1960 @yahoo.com |

| ক্র. নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি ফোন নম্বর ও ইমেইল) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১ | ভবিষ্যৎ তহবিল অগ্রিম | ১। নির্ধারিত ছকে আবেদনকারীর নিকট হতে আবেদন গ্রহণ<br>২। আবেদন প্রাপ্তির পর যাচাই বাছাইকরণ<br>৩। কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ<br>৪। পত্রের মাধ্যমে আবেদনকারীকে অবহিতকরণ | ১। আবেদনপত্র<br>২। সিএও, শিল্প মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত ভবিষ্যৎ তহবিলের সংশ্লিষ্ট অর্থ বছরের জমা স্লিপ । | বিনা মূল্যে | ৫ দিন | জনাব মোঃ জহুরুল ইসলাম<br>প্রশাসনিক কর্মকর্তা<br>মোবাঃ ০১৭১১৫৮৬৭৭৭<br>ইমেইল : zahurul1960 @yahoo.com |

৩) আপনার কাছে আমাদের প্রত্যাশা :

| ক্রমিক নং | প্রতিশ্রুত/কাঙ্ক্ষিত সেবা প্রাপ্তির লক্ষ্যে করণীয় |
|---|---|
| ০১ | স্বয়ংসম্পূর্ণ আবেদন জমা প্রদান |
| ০২ | যথাযথ প্রক্রিয়ায় প্রয়োজনীয় ফিস পরিশোধ করা |
| ০৩ | সাক্ষাতের জন্য নির্ধারিত সময়ের পূর্বেই উপস্থিত থাকা |

৪) অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (GRS) সেবা প্রাপ্তিতে অসন্তুষ্ট হলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সঙ্গে যোগাযোগ করুন। তার কাছ থেকে সমাধান পাওয়া না গেলে নিম্নোক্ত পদ্ধতিতে যোগাযোগ করে আপনার সমস্যা অবহিত করুন ।

| ক্রমিক নং | কখন যোগাযোগ করবেন | কার সঙ্গে যোগাযোগ করবেন | যোগাযোগের ঠিকানা | নিষ্পত্তির সময়সীমা |
|---|---|---|---|---|
| ০১ | দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা সমাধান দিতে না পারলে | অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) | জনাব মোঃ মোঃ আব্দুল মুসাব্বির<br>যুগ্ম পরিচালক (চঃ দাঃ)<br>মোবাঃ ০১৭২০১০৭০৩২<br>ইমেইল : npobangla @yahoo.com | ০৩ দিন |
| ০২ | অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা নির্দিষ্ট সময়ে সমাধান দিতে না পারলে | আপিল কর্মকর্তা | জনাব এ কে এম রফিকুল ইসলাম<br>যুগ্ম সচিব, শিল্প মন্ত্রণালয়<br>ফোন : ৯৫৫২৭৪৯<br>,ইমেইল :akmrafiqul.islam3 @gmail.com | ০৩ দিন |
| ০৩ | আপিল কর্মকর্তা নির্দিষ্ট সময়ে সমাধান দিতে না পারলে | মন্ত্রিপরিষদ বিভাগের অভিযোগ ব্যবস্থাপনা সেল | অভিযোগ গ্রহণ কেন্দ্র<br>৫ নং গেইট, বাংলাদেশ সচিবালয়<br>ঢাকা ওয়েব : www.grs.gov.bd | |

## ফটো গ্যালারী



ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও ) এর নির্মিতব্য নিজস্ব ভবন
জমির পরিমানঃ ০.৪২ একর
প্লট নং- এফ-২০/এ
স্থানঃ শেরে বাংলা নগর, ঢাকা ।
প্রাক্কলিত ব্যয়ঃ ৬৫৯২.৯২ লক্ষ টাকা ।
মেয়াদঃ ২০১৫-১৬ হতে ২০১৭-১৮



ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স এওয়ার্ড-২০১৫ প্রদান অনুষ্ঠানের তোরণ



মাননীয় শিল্প মন্ত্রী জনাব আমির হোসেন আমু, এম.পি ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স এওয়ার্ড-২০১৫ প্রদান অনুষ্ঠান উদ্বোধন করেন




পুরস্কার বিতরণী অনুষ্ঠানে উপস্থিত(বাঁ থেকে) এফবিসিসিআই এর সাবেক সভাপতি জনাব আব্দুল মাতলুব আহমাদ, বিডার নির্বাহী চেয়ারম্যান জনাব কাজী মোঃ আমিনুল ইসলাম, মাননীয় শিল্প মন্ত্রী জনাব আমির হোসেন আমু, এম.পি সাবেক সিনিয়র সচিব জনাব মোঃ মোশাররফ হোসেন ভুঁইয়া এনডিসি এবং এনপিও'র সাবেক পরিচালক জনাব অজিত কুমার পাল, এফসিএ।



ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স এওয়ার্ড-২০১৫ প্রদান অনুষ্ঠানে উপস্থিত অতিথিবৃন্দের একাংশ



এনপিও এবং নাসিব এর যৌথ উদ্যোগে জাতীয় উৎপাদনশীলতা দিবস-২০১৬ এর প্রতিপাদ্য বিষয়ে
গোলটেবিল বৈঠক আলোচনা



শিল্প মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া এনডিসি এর সাথে পরিচালক, এনপিও জনাব এস. এম. আশরাফুজ্জামান এর বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০১৭-১৮ স্বাক্ষর ও স্বাক্ষরিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তিপত্র হস্তান্তর



উৎপাদনশীলতা উন্নয়নের সহযোগিতার লক্ষ্যে এনপিও এবং নাসিব এর মধ্যে
সমঝোতা স্মারক (এমওইউ) স্বাক্ষর


প্রকৌশল ও আইটি শিল্প সেক্টরের উৎপাদনশীলতা বিষয়ক উপদেষ্টা কমিটির ১৬তম সভা


পাট শিল্প সেক্টরের উৎপাদনশীলতা বিষয়ক উপদেষ্টা কমিটির ১৫তম সভা



এনপিও এর কার্যালয়ে Big Cleaning Day বাস্তবায়ন



করিম জুট মিলস্ লিমিটেড, ডেমরা, ঢাকায় উৎপাদনশীলতা উন্নয়নের লক্ষ্যে কাইজেন (KAIZEN) কর্মসূচির আওতায় স্পিনিং Machine পরিদর্শন



“কারখানা পর্যায়ে প্রতিযোগীতামূলক উৎপাদনশীলতা ও পণ্যের গুণগত মান উন্নয়ন” বিষয়ক প্রশিক্ষণ কর্মসূচি
শাহ্ জালাল ফার্টিলাইজার কোম্পানী লিঃ, ফেঞ্চুগঞ্জ, সিলেট






হাজী দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, দিনাজপুর ।

ষ্টার জুট মিলস্ লিঃ, খুলনা।





ব্যবহারিক জাপানী ফাইভ এস (5s) এর উপর আলোচনা   শিল্প সহায়তা কেন্দ্র, বিসিক, বগুড়া





রপ্তানী প্রক্রিয়াজাতকরণ এলাকা, ঢাকা। আন্তর্জাতিক মানবাধিকার সংস্থা আইন সহায়তা কেন্দ্র (আশক) ফাউন্ডেশন।




ফেডারেশন অফ বাংলাদেশ চেম্বার অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (এফবিসিসিআই) এর সভাপতির সাথে এনপিও'র মত বিনিময় সভা



"Effective Policy of Enhanced National Productivity of Agro Processed Products" শীর্ষক সেমিনার বাংলাদেশ এগ্রো প্রসেসরস এসোসিয়েশন (বাপা), ঢাকা।



এনপিও এর কার্যালয়ে Big Cleaning Day




জাতীয় উৎপাদনশীলতা দিবস- ২০১৬ উদযাপন উপলক্ষ্যে আয়োজিত র‍্যালি
বাংলাদেশ কনজুমার রাইটস সোসাইটি (বিসিআরএস),আসক ফাউন্ডেশন, বগুড়া।




জাতীয় উৎপাদনশীলতা দিবস- ২০১৬ উদযাপন উপলক্ষ্যে আয়োজিত র‍্যালি ও আলোচনা সভা।
জেলা প্রশাসন, হবিগঞ্জ।




জাতীয় উৎপাদনশীলতা দিবস- ২০১৬ উদযাপন উপলক্ষ্যে আয়োজিত আলোচনা সভায় বক্তব্য রাখছেন জেলা প্রশাসক, গাইবান্ধা।




জেলা প্রশাসন, নীলফামারী।




জাতীয় উৎপাদনশীলতা দিবস-২০১৬ উদযাপন উপলক্ষ্যে খুলনা জেলায় আয়োজিত বর্ণাঢ্য র‍্যালীর ছবি



বগুড়া জেলা প্রশাসন কর্তৃক আয়োজিত বর্ণাঢ্য র‍্যালি




জাতীয় উৎপাদনশীলতা দিবস- ২০১৬ উদযাপন উপলক্ষ্যে আয়োজিত র‍্যালি
জেলা প্রশাসন, বাগের হাট।




জাতীয় উৎপাদনশীলতা দিবস- ২০১৬ উদযাপন উপলক্ষ্যে আয়োজিত আলোচনা সভা, মাদারীপুর।




জাতীয় উৎপাদনশীলতা দিবস- ২০১৬ উদযাপন উপলক্ষ্যে আয়োজিত বর্ণাঢ্য র‍্যালি ও আলোচনা সভা
উপজেলা প্রশাসন, পলাশবাড়ী, গাইবান্ধা।




জাতীয় উৎপাদনশীলতা দিবস- ২০১৬ উদযাপন উপলক্ষ্যে আয়োজিত আলোচনা সভা
জেলা প্রশাসন, বিসিক ও রাজশাহী সুগার মিলস লিঃ, রাজশাহী।




উপজেলা প্রশাসন, আলীকদম, বান্দরবান কর্তৃক আয়োজিত আলোচনা সভা ।




জাতীয় উৎপাদনশীলতা দিবস- ২০১৬ উদযাপন উপলক্ষ্যে আয়োজিত বর্ণাঢ্য র‍্যালি ও আলোচনা সভা
উপজেলা প্রশাসন, ফুলবাড়ী, দিনাজপুর।



Members of 59th Session of the APO Governing Body Meeting along with Mr. Md. Mosharraf Hossain Bhuiyan, ndc . Senior Secretary, Ministry of Industries & APO Country Director, Bangladesh. (Held in Theran, Republic of Iran. 10-12 April, 2017)



Workshop on Public-Sector Leadership Head of NPO Bangladesh Mr. S.M Ashrafuzzaman (joint secretary) attended the workshop (Held in 15-19 May 2017 Manila, Philippines).



Strategic Planning Workshop for Senior Planning Officers of NPO and APO Liaison Officers (19-21July 2017, Japan)



প্রগতি ইন্ডাস্ট্রিজ লিমিটেড, চট্টগ্রামে অনুষ্ঠিত প্রশিক্ষণ কর্মসূচির একাংশ



এপিও এবং বিশ্বব্যাংকের সহায়তায় গ্লোবাল ডেভেলপমেন্ট লার্নিং নেটওয়ার্কের আওতায় বাংলাদেশ Global Distance Learning Centre, ব্রাক বিশ্ববিদ্যালয়,ঢাকা।




জাতীয় পাবলিক সার্ভিস দিবস-২০১৭

# এনপিও কর্তৃক ২০০৪-০৫ হতে ২০১৬-১৭ অর্থ বছরে ১২টি সেক্টরের বাস্তবায়িত প্রশিক্ষণের প্রশিক্ষণার্থীর সংখ্যা




জাতীয় পর্যায়ে উৎপাদনশীলতা উন্নয়নে ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) দেশব্যাপী শিল্প/সেবা প্রতিষ্ঠানে উৎপাদনশীলতা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ পরিচালনা করে থাকে। এনপিও ২০০৪-০৫ সাল হতে ২০১৬-১৭ সাল পর্যন্ত ০৬টি (পাট, বস্ত্র, রসায়ন, প্রকৌশল, সেবা চিনি ও খাদ্য, ক্ষুদ্র ও কুটির) শিল্প সেক্টরে মোট ১০,৬৩৪ জন প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ প্রদান করেন। পরবর্তীতে ২০১৩-১৪ অর্থ বছর হতে নিয়মিত ভাবে আরও ০৬টি (ট্যানারী ও লেদার, আইটি, ফিস প্রোসেসিং, পরিবহণ যোগাযোগ ও পর্যটন, ফিন্যানসিয়াল ইন্টারমিডিয়েসন) শিল্প/সেবা সেক্টরে প্রশিক্ষণ পরিচালনা করে আসছে। তদানুযায়ী ০৫টি শিল্প/সেবা সেক্টরে ২০১৩-১৪ সাল হতে ২০১৬-১৭ সাল পর্যন্ত মোট ১,১১৬ জন প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ প্রদান করেন। উল্লেখ্য যে, পরিবহণ যোগাযোগ ও পর্যটন সেক্টরের ২০১৩-১৪ সাল হতে ২০১৬-১৭ সাল পর্যন্ত কোন প্রশিক্ষণ প্রদান করা সম্ভব হয়নি।